

## পরিবারের নিরাপত্তা সংক্রান্ত প্রশ্ন

যদি আপনার নিরাপদে চাইল্ড সাপোর্ট পাওয়া নিয়ে কোনো উদ্বেগ থাকে, তাহলে নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড সাপোর্ট কর্মসূচি (New York State Child Support Program) আপনাকে সাহায্য করার জন্য পাশে আছে। একটি নিরাপদ উপায়ে আমাদের পরিষেবাগুলো অ্যাক্সেস করতে আপনাকে সাহায্য করার জন্য আমাদের সংস্থানসমূহ, নীতিমালা, ও কর্মপদ্ধতি রয়েছে। সঠিক পরিষেবাসমূহ প্রদান করতে আমাদেরকে সাহায্য করার জন্য আমরা চাইল্ড সাপোর্টের জন্য আবেদনকারী সবাইকে এসব প্রশ্ন জিজ্ঞেস করে থাকি।

এই ফর্মটি পূরণ করা স্বেচ্ছামূলক। যদি আপনি নিম্নলিখিত কোনো প্রশ্নের হ্যাঁ উত্তর দেন, তাহলে এই প্রক্রিয়াকে আরো নিরাপদ করে তুলবে এমন অপশন রয়েছে। এই প্রক্রিয়া চলাকালীন সময়ে আপনাকে এবং শিশুদেরকে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে সে সম্পর্কে একজন চাইল্ড সাপোর্ট ওয়ার্কারের সঙ্গে আপনি ব্যক্তিগতভাবে কথা বলতে পারেন। আপনার প্রদান করা যেকোনো তথ্য গোপন রাখা হবে, যদি না এমনটা বিশ্বাস করার কারণ থাকে যে শিশুরা ক্ষতির সম্মুখীন হচ্ছে অথবা আসন্ন বিপদের সম্মুখীন হয়েছে।

**নিম্নলিখিত প্রশ্নগুলোর জন্য আপনার উত্তরগুলো অন্য পিতামাতাদের সাথে শেয়ার করা হবে না।**

ব্যক্তিগত বিবরণ যেমন ঠিকানা, কর্মসংস্থান সংক্রান্ত তথ্য, অথবা যোগাযোগের তথ্য বাবা বা মা উভয়ের কারো সঙ্গেই আমরা শেয়ার করবো না। **তবে**, আপনি যে কাউন্টিতে পরিষেবার জন্য আবেদন করেছেন সেটির নাম আদালতের নথিপত্রে বা আদেশে অন্তর্ভুক্ত থাকবে।

1. অপর বাবা বা মা আপনার ঠিকানা, আপনি কোথায় কাজ করেন, অথবা আপনার সঙ্গে কিভাবে যোগাযোগ করতে হবে সে তথ্য জানতে পারলে আপনি কি নিজের বা শিশুদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হবেন?  
 হ্যাঁ  না
2. আপনি কোনো চাইল্ড সাপোর্ট কেস খুললে, আমরা কর্মসংস্থান ও আয় সংক্রান্ত তথ্যের মতো তথ্যগুলো পাওয়ার জন্য অপর বাবা বা মায়ের সঙ্গে যোগাযোগ করে থাকি। আপনার কি এমন কোনো উদ্বেগ আছে যেটি সম্পর্কে তাদের সঙ্গে যোগাযোগ করার আগে আমাদের জানা উচিত?  
 হ্যাঁ  না
3. আমাদের জিনগত পরীক্ষার সময়সূচি নির্ধারণ করার প্রয়োজন হতে পারে, যেটি বাবা ও মা উভয়ের জন্য একই সময়ে ও একই জায়গায় হতে পারে। শিশুদের এবং অপর বাবা বা মায়ের সাথে একসঙ্গে সাক্ষাত করার ব্যাপারে আপনার কি নিরাপত্তা সংক্রান্ত কোনো উদ্বেগ আছে?  
 হ্যাঁ  না
4. আদালতের আদেশ অনুযায়ী চাইল্ড সাপোর্ট সংগ্রহ করার জন্য, চাইল্ড সাপোর্ট কর্মসূচি একজন বাবা বা মায়ের পে-চেক থেকে সরাসরি অর্থ কর্তন করবে। যদি বাবা বা মা তার চাইল্ড সাপোর্ট পরিশোধ না করেন, তাহলে আমরা ড্রাইভিং লাইসেন্স স্থগিত করে রাখা, স্টেট ও ফেডারেল কর রিটার্ন আটকে রাখা, পাসপোর্ট প্রত্যাহাণ করা, এবং পেশাদার ও চিকিৎসাবিনোদনমূলক লাইসেন্স (যেমন মেডিকেল বা ল' লাইসেন্স, শিকার, মাছ শিকার, ইত্যাদি) স্থগিত করা, ইত্যাদি পদক্ষেপও গ্রহণ করতে পারি। এসব পদক্ষেপের কোনোটি কি আপনাকে অথবা শিশুদেরকে শারীরিক, মানসিক এবং/অথবা আর্থিক ক্ষতির ঝুঁকিতে ফেলবে?  
 হ্যাঁ  না
5. আপনার চাইল্ড সাপোর্টের আদেশ প্রতিষ্ঠা বা পরিবর্তন করার জন্য আপনাকে একটি চাইল্ড সাপোর্ট শুনানির অংশ হিসেবে আদালতে একজন বিচারকের সামনে সাক্ষ্য প্রদান (তথ্য শেয়ার) করতে হতে পারে। আপনার কি আদালতে উপস্থিত হওয়ার ব্যাপারে কোনো উদ্বেগ আছে?  
 হ্যাঁ  না
6. অন্য বাবা বা মায়ের সাক্ষাতের জন্য আপনার বা শিশুদের সঙ্গে যোগাযোগ করার বিষয়টি নিয়ে আপনার কি নিরাপত্তা সংক্রান্ত কোনো উদ্বেগ রয়েছে?  
 হ্যাঁ  না

আমাদের নিরাপত্তা সংক্রান্ত অপশনগুলো সম্পর্কে বাড়তি তথ্য নিম্নলিখিত ডকুমেন্টে পাওয়া যাবে:  
**নিরাপদে চাইল্ড সাপোর্ট পাওয়া: আপনার যা জানা উচিত (Getting Child Support Safely: What You Should Know) / NYC-এর অধিবাসীরা: নিচের ডকুমেন্টটি দেখুন**

**নিরাপদে চাইল্ড সাপোর্ট পাওয়া সম্পর্কে চাইল্ড সাপোর্টের জন্য সম্ভাব্য সব আবেদনকারীর জন্য তথ্য (Information For All Potential Child Support Applicants About Getting Child Support Safely) /**

পরিস্থিতির পরিবর্তন ঘটে এবং আপনার নিরাপত্তা সবসময়ই অগ্রাধিকার পাবে।

আপনি যেকোনো সময় আপনার চাইল্ড সাপোর্ট ওয়ার্কারের সঙ্গে যোগাযোগ করে এসব প্রশ্নের জন্য আপনার উত্তরগুলো পরিবর্তন করতে পারবেন।